

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স - ৪২২৭

আগরতলা, ৭ মার্চ ২০১৭

**পশ্চিমবঙ্গের বিশিষ্ট লোকসংগীত শিল্পী কালিকাপ্রসাদ ভট্টাচার্যের
প্রয়াণে মুখ্যমন্ত্রীর শোক**

পশ্চিমবঙ্গের বিশিষ্ট লোকসংগীত শিল্পী কালিকাপ্রসাদ ভট্টাচার্যের আকস্মিক প্রয়াণে ত্রিপুরার মুখ্যমন্ত্রী মানিক সরকার গভীর শোক প্রকাশ করেছেন। এক শোকবার্তায় মুখ্যমন্ত্রী বলেছেন - পশ্চিমবঙ্গের বিশিষ্ট লোকসংগীত শিল্পী কালিকাপ্রসাদ ভট্টাচার্যের আকস্মিক প্রয়াণে আমি মর্মান্বিত। তাঁর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করছি এবং পরিবার-পরিজনদের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করছি।

কালিকাপ্রসাদ শুধু একজন লোকসঙ্গীত শিল্পীই ছিলেন না, তিনি পূর্ব ও উত্তর-পূর্ব ভারতের লোকসঙ্গীতের বৈচিত্র্যময় সম্ভারকে পুনরুদ্ধার করে তাকে যেমন পুরুজ্জীবীত করার উদ্যোগ নিয়েছিলেন, তেমনি লোকজীবনের সঙ্গে সম্পৃক্ত এই সঙ্গীতকে বিদগ্ধ শ্রোতৃমণ্ডলীর কাছে জনপ্রিয় করে তুলতে নিরবচ্ছিন্ন আন্তরিক প্রয়াস জারি রেখেছিলেন। একই সাথে, সম্ভাবনাময় প্রান্তীয় লোকশিল্পীদেরও সঙ্গীত-অঙ্গনে স্থান করে দিতে গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করেছিলেন। মানুষ হিসাবেও তিনি ছিলেন অমায়িক এবং উচ্চ মূল্যবোধসম্পন্ন। ত্রিপুরার সঙ্গে তাঁর নিবিড় সম্পর্ক ছিল।

কালিকাপ্রসাদের এই অকাল প্রয়াণ বিশেষভাবে পূর্ব ও উত্তর-পূর্ব ভারতে লোকসঙ্গীতের চর্চা ও প্রসারের ক্ষেত্রে নিঃসন্দেহে এক অপূরণীয় ক্ষতি। তাঁর কাছে প্রত্যাশা ছিল অনেক। তাঁর দেবারও ছিল অনেক। কালিকাপ্রসাদের অসমাপ্ত কাজের দায়িত্ব নিতে হবে তাঁর বর্তমান সহযোগী এবং ভবিষ্যৎ প্রজন্মের শিল্পীদের। সম্ভবত এভাবেই তাঁর প্রতি প্রকৃত শ্রদ্ধা জ্ঞাপন সম্ভব হবে।

জি এস